মেহেরপুরে ইটভাটায় ‘স’ মিল; দেখতে পায় না প্রশাসন

মেহেরপুরের ৯৩ টি ইটভাটায় নির্বিচারে পোড়ানো হচ্ছে কাঠ। আর এসব ইটভাটায় কাঠ পোড়াতে বসানো হয়েছে ভ্রাম্যমাণ ‘স’ মিল।

সদর উপজেলার মেহেরপুর-কাথুলি রাস্তার পাশেই এআরবিসিসহ জেলার বিভিন্ন ইটভাটায় বসানো হয়েছে অস্থায়ী ‘স’ মিল। আইন ও সরকারি বিধি-বিধানের তোয়াক্কা না করেই আবাদি জমির পাশেই গড়ে তোলা হয়েছে পরিবেশ বিপর্যয়কারী এসব ভাটা ও ‘স’ মিল। এসব ভাটায় কাঁচামাল হিসেবে ব্যবহার করা হচ্ছে কৃষি জমির উর্বর মাটি। গাছ ও জমির উর্বর মাটি উজাড়ের মাধ্যমে পরিবেশ ধ্বংসের প্রক্রিয়া চলমান থাকলেও প্রভাবশালী ব্যক্তিদের বিরুদ্ধে প্রশাসন কঠোর ব্যবস্থা নিচ্ছেনা ।

আরো অভিযোগ রয়েছে, ইটভাটাগুলোতে এসব জ্বালানি কাঠ যাচ্ছে সরকারি, বেসরকারি ও ব্যক্তি মালিকানাধীন বাগান থেকে। ইটভাটায় গাছের ছোট ছোট ডালপালা বা পাতা ব্যবহার হয় না। বেশিরভাগ ক্ষেত্রেই মোটা মোটা গাছ করাত দিয়ে কেটে ছোট ছোট টুকরা করে ইটভাটার চুল্লিতে পোড়ানো হচ্ছে।

মেহেরপুর-কুষ্টিয়া রাস্তার পোড়াপাড়া নামক স্থানে পাশাপাশি ৪টি ইটভাটায় বসানো হয়েছে ভ্রাম্যমাণ স’মিল। প্রশাসনের নাকের ডগায় রাতদিন সমানতালে ভ্রাম্যমাণ ‘স’ মিলে চলছে কাঠ ফাড়াই। এখানে মোটা মোটা কাঠের গুলি জড়ো করে চেরাই করা হচ্ছে।এসব ইটভাটা শতশত বিঘা আবাদি জমি দখল করে গড়ে উঠেছে। এসব অবৈধ ভাটায় স’মীল বসিয়ে উজাড় করা হচ্ছে গাছপালা। অবাধে পোড়ানো হচ্ছে কাঠ।

অবৈধ ‘স’ মীলের মালিক ছাতিয়ান গ্রামের হানিফ বলেন, আমার মোট ৩টি ‘স’ মীল রয়েছে। প্রতিটি ‘স’ মিলে ৫/৬ জন করে শ্রমিক কাজ করেছন। প্রতি শ্রমিকের মজুরী এক হাজার টাকা। তিনি বলেন, প্রতিদিন একটা ‘স’ মিলে ৪০০ মন কাঠ ফাড়াই করা হয়।

‘স’ মিলের শ্রমিক আক্তার হোসেন মেহেরপুর প্রতিদিনকে বলেন, প্রতি মন কাঠ চেরাই করেত ২২ টাকা করে নেওয়া হয়।

ইটভাটার একজন শ্রমিক নাম প্রকাশ না করার শর্তে মেহেরপুর

প্রতিদিনিকে বলেন, ৪ লাখ ইট তৈরি করতে ভাটায় ২০ থেকে ২২ দিন সময় লাগে। এতে প্রায় ৩৫ হাজার মণ কাঠ পোড়ানো হয়।

এব্যাপারে একজন ভাটার মালিক নাম প্রকাশ না করার শর্তে মেহেরপুর প্রতিদিনকে বলেন, গাংনী-ধানখোলা রোডে পরপর ৪টি, মালশাদহ-হাড়িয়াদহ রোডে ৩ টি ইটভাটা রয়েছে। এরা সবাই কাঠ ও খড়ি পোড়ায়। প্রায় ভাটায় স’মিল বসিয়ে কাঠ ফাড়ায় করা হয়।

এআরবিসি ইট ভাটার মালিক রবিউল ইসলাম, দিপু ও জিয়ারুলের সাথে যোগাযোগের চেষ্টা করলেও তাদের পাওয়া যায়নি।

প্রায় অর্ধশত বিঘা আবাদি জমি দখল করে গড়ে উঠেছে এআরবিসি এটাভাটা। আর সেখানেই ‘স’ মেশিন বসিয়ে প্রতিদিন ফাড়াই করা হচ্ছে প্রতিদিন শতশত ট্রাক গাছের গুড়ি। মেশিনে ফাড়ায় করে এসব কাঠ ভাটায় পোড়ানো হচ্ছে।

তবে, ভাটা মালিকরা মেহেরপুর প্রতিদিনিকে জানান, কিছু কিছু কাঠ ভাটায় পোড়াতে হয়। এদিকে ইটভাটায় ট্রাক্টর দিয়ে মাটি টানার ফলে কোটি কোটি টাকা ব্যায়ে নির্মিত গ্রামীণ রাস্তাগুলোর বেহাল দশা। এসব ইট ভাটার গাড়ি চলাচলের কারনে রাস্তার এমন অবস্থা হয়েছে বলে অভিযোগ করেছেন এলাকাবাসি।

কুষ্টিয়া পরিবেশ অধিদপ্তরের উপ পরিচালক আতাউর রহমান বলেন, অবৈধ ইট ভাটার বিরুদ্ধে অভিযান অব্যাহত রয়েছে। তাদের ভাটায়ও অভিযান চলবে, এবং অবৈধ ইট ভাটার মালিকের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরে তর সইছে না ব্যবসায়ীদের; রাতের আঁধারে ভাঙছে আম

তর সইছে না আম ব্যবসায়ীদের। ১৫ মে থেকে গুটি ও বোম্বায় আম ভাঙানোর তারিখ নির্ধারণ করে দিয়েছে জেলা প্রশাসন। কিন্তু তার

হাজার মেট্রিকটন আমের উৎপাদন লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। এর মধ্যে হিমসাগর আমের বাগান রয়েছে ৭০০ হেক্টর জমিতে।

এবছর মেহেরপুর থেকে ইউরোপীয় ইউনিয়নের বিভিন্ন দেশে ৪০ মেট্রিকটন হিমসাগর আম রপ্তানি ও প্রায় ২০০ কোটি টাকার আম বিক্রির সম্ভাবনার কথা জানিয়েছিলো মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। কিন্তু অতি মুনাফালোভী ব্যাপারী চক্রের দৌরাত্ম্যে ও জেলা প্রশাসনের সিদ্ধান্ত সঠিকভাবে বাস্তবায়ন না হওয়াতে আজ মেহেরপুরের বিখ্যাত আমের সুনাম ক্ষুন্নের পাশাপাশি আগামীতে রপ্তানি বাজার হারানোর আশংকা দেখা দিয়েছে।

গাংনীতে ইয়াবাসহ যুবক আটক

গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে ২৩ পিচ ইয়াবাসহ মুওদুদ হোসেন রিকো (২৩) কে আটক করেছে গাংনী থানা পুলিশ। এ সময়ে তার কাছ থেকে একটি পুরাতন মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে।

মওদুদ আহাম্মেদ রিকো গাংনী পৌর সভার শিশিরপাড়া গ্রামের মোবিনুর রহমানের ছেলে।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) আবুল কালাম গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযোন চালিয়ে তাকে ইয়াবাসহ আটক করেন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেন।

ইয়াবা উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) এর ১০(ক) ধারায় একটি মামলা হয়েছে। মামলা নং ১৫, তারিখ ১২/০৫/২৩ ইং।

আটক মওদুদ আহম্মেদকে গতকাল শনিবার সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

থানা পুলিশের অপর অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলা নং ৯৮/২০ এর আসামি গাংনী উপজেলার চাঁদামারী গ্রামের মৃত মহাম্মদ আলীর ছেলে আশরাফ আলী (৫০ কে গ্রেফতার করা হয়েছে। এসআই জগদীস বসু সঙ্গীয় ফোর্সসহ তার বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

[redacted]

[redacted]

জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়, সন্ধানী স্কুল এন্ড কলেজ, গাংনী প্রি ক্যাডেট এন্ড হাই স্কুল, জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়, চিৎলা মাধ্যমিক বিদ্যালয়, মিকুশিস মাধ্যমিক বিদ্যালয়, গাংনী স্কুল এন্ড কলেজ, বিডি মাধ্যমিক বিদ্যালয়, জেটিএস মাধ্যমিক বিদ্যালয়সহ একাধিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহন করে।

প্রতিযোগিতায় গাংনী উপজেলা শিল্পকলা একাডেমির ওস্তাদ রতন সরকার বিচারক প্যানেলে আহবায়ক হিসাবে উপস্থিত ছিলেন। সাংবাদিক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব আমিরুল ইসলাম অল্ডাম এর সার্বিক তত্বাবধানে বিচারক মন্ডলী হিসাবে দায়িত্ব পালন করেন, বাংলাদেশ বেতার ও টেলিভিশনের শিল্পী গোলাম আম্বিয়া, মটমুড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ও বেতার শিল্পী মাহবুবা আক্তার বিউটি ও বিশিষ্ট গীতিকার শিল্পী ও সাংবাদিক জুলফিকার আলী কানন।

প্রতিযোগিতা শেষে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার আব্দুল্লাহ আল মাসুম প্রতিযোগিতার ফলাফল ঘোষনা করেন। প্রতিটা ইভেন্টে শুধুমাত্র ১ম স্থান অধিকারীর নাম ঘোষনা করা হয়। এরাই জেলা পর্যায়ে প্রতিযোগিতায় শ্রেষ্ঠ হিসাবে অংশগ্রহন করার যোগ্যতা অর্জন করবে।

অনুষ্ঠানে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক মন্ডলী, কৃতি শিক্ষার্থীবৃন্দ ও গণ মাধ্যম কর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের হিমসাগর আম যাবে বিদেশেও

সু-স্বাদু আর রসে ভরপুর আমের কথা উঠলেই চলে আসে মেহেরপুরের হিমসাগর আমের কথা। জেলায় বেশ কয়েকটি জাতের আমের চাষ হয়ে থাকে, তার মধ্যে হিমসাগর, ল্যাংড়া, আমরুপালি, বিশ্বনাথ ও ফজলি এই কয়টি আম জেলার সুখ্যাতি বয়ে নিয়ে এসেছে। শুধু দেশে নয়, মেহেরপুরের আম

করছেন।

আমের খুচরা ব্যবসায়ীরা জানান, আমাদের মেহেরপুর জেলায় এখনও আম সংগ্রহ শুরু হয়নি। তবে অনেক গাছের আম পাকা শুরু হয়েছে। গাছ থেকে পাকা আম পড়ে নষ্ট হচ্ছে। কিন্তু বাজারে নিয়ে যেতে পারছিনা। তবে আম গাছে আম দেখে সংগ্রহের সময়সীমা নির্ধারণ করার আনুরোধ জানিয়েছেন তারা।

মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ পরিচালক-শংকর কুমার মজুমদার জানান, জেলায় অন্যান্য বছরের তুলনায় এবছর আমের অনেক ভাল ফলন হয়েছে। জেলায় ২৩৪০ হেক্টর আম বাগানে প্রায় ৪০থেকে ৪৫ হাজার মেট্রিকটন আমের উৎপাদন লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। বিশেষ করে জেলার হিম সাগর আমের অনেক খ্যাতি রয়েছে। হিমসাগর আম ইউরোপীয় ইউনিয়নের কয়েকটি দেশে এবার রপ্তানি করা হবে। সে লক্ষে ইন্টারন্যাশনাল ভার্জিনিয়াটেক, গ্লোবাল ট্রেড লিংক, গ্রীনগ্লোবাল, বিএইচ ট্রেডার ও নাফিজা এন্টারপ্রাইজসহ বেশ কয়েকটি রপ্তানি কারক প্রতিষ্ঠান আম ক্রয় করতে আগ্রহপ্রকাশ করেছে। আম ক্রয়ের লক্ষে ইতোমধ্যে বেশ কয়েকটি আম বাগান তাদের নিবিড় পর্যবেক্ষণে রেখেছে। গত বছরেও বেশ কয়েকটি প্রতিষ্ঠান হিম সাগর আম রপ্তানি করেছিল। এবছরেও তারা আমের চাহিদা দিয়েছেন।

আমরা আশাকরি মেহেরপুরের হিমসাগর, লাংড়া ও আমরুপলি শুধু দেশেই নয়,বিদেশেও খ্যাতি বয়ে আনবে। সেই সাথে অনেক বৈদেশিক মুদ্রা অর্জিত হবে।

মুজিবনগর দাদপুর বিলে সিবিএফএম-মৎস্য সংশ্লিষ্ট আইন বাস্তবায়নে জনসচেতনতামূলক সভা

মুজিবনগরে ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি পোগ্রাম ফেজ-প্রজেক্টের (এনএটিপি-২)আওতায় দাদপুর বিল(টুপলা অংশ) সিবিএফএম-মৎস্য সংশ্লিষ্ট আইন (ফিশিং কোড)বাস্তবায়নে সহায়তা প্রদান

সংক্রান্ত জনসচেতনতা মূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল এগারোটার দিকে মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের গোপালপুর দাদপুর বিলে এ সভা অনুষ্ঠিত হয়।

জনসচেতনতা মূলক সভা অনুষ্ঠানে দাদপুর বিল(টুপলা অংশ) এর সভাপতি শহিদুল ইসলামের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম।

মুজিবনগর সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা(অঃদাঃ) গোলাম সারোয়ার এর সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা মৎস্য অফিসার রোকনুজ্জামান,মহাজনপু্র ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, ইউপি সদস্য আরিফ হোসেন প্রমুখ ।

অনুষ্ঠানে বক্তারা জেলা প্রশাসকের কাছে বিল খনন,বিদ্যুৎ ব্যাবস্থা সহ চলাচলের রাস্তা পাকাকরন করার বিষয়ে অবহিত করেন।

তারই ধারাবাহিকতায় জেলা প্রশাসক সকলের দাবির প্রতিশ্রুতি জানিয়ে তিনি বলেন,আমরা মাছে ভাতে বাঙ্গালী। মাছ আমাদের কাছে প্রিয় খাবার। আমরা বেশি বেশি মাছ উৎপাদন করবো এবং দেশকে মাছের দিক দিয়ে স্বয়ংসম্পূর্ণ করে তুলতে সহায়তা করবো। আর সে জন্য মেহেরপুর জেলার প্রত্যেকটি জলাশয়ের দিকে আমার লক্ষ্য থাকবে।প্রতিটি জলাশয়ে যাতে করে সম্পূন্ন রুপে পানি থাকে এবং পরিপূর্নভাবে মাছ চাষ করা যায় সে লক্ষে আমি সকল ধরনের চেষ্টা করে যাবো।

কক্সবাজার উপকূলে ১০ নম্বর মহাবিপদ সংকেত

বাংলাদেশের উপকূলের দিকে অতিপ্রবল রূপ ধারণ করে ধেয়ে আসছে ঘূর্ণিঝড় ‘মোখা’। এমন পরিস্থিতিতে কক্সবাজার সমুদ্রবন্দরে ১০ নম্বর মহাবিপদ সংকেত ঘোষণা করা হয়েছে। অন্যদিকে চট্টগ্রাম ও পায়রা সমুদ্রবন্দরকে ৮ নম্বর মহাবিপদ সংকেত দেখাতে বলা হয়েছে।

শনিবার (১৩ মে) সচিবালয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ঘূর্ণিঝড় নিয়ে এক সভা শেষে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. মো. এনামুর রহমান বলেন, বাতাসের গতিবেগ কমে যাওয়ায় ঘূর্ণিঝড় মোখা সুপার সাইক্লোনে পরিণত হবে না। এটি অতিপ্রবল (ভেরি সিভিয়ার সাইক্লোন) ঘূর্ণিঝড় হিসেবে আঘাত হানবে।

তিনি আরও বলেন, রোববার (১৪ মে) সকাল ৬টা থেকে বিকেল ৬টার মধ্যে ঘূর্ণিঝড়টি কক্সবাজার ও মায়ানমারে আঘাত হানবে। এর প্রভাবে কক্সবাজার, টেকনাফ, সেন্টমার্টিনে ৬ থেকে ৯ ফুট এবং ভোলা, বরগুনায় ৩ থেকে ৪ ফুট উচ্চতার জলোচ্ছ্বাস হতে পারে।

মোখা মোকাবিলায় মন্ত্রণালয়ের পক্ষ থেকে সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে জানিয়ে তিনি বলেন, কক্সবাজারের ১৬০০ আশ্রয় কেন্দ্র প্রস্তুত রাখা হয়েছে। এখানে ১৪ টন শুকনো খাবার পাঠানো হয়েছে। প্রয়োজনে সব বাহিনীর সাথে সেনাবাহিনী কাজ করবে।

এদিকে আজ শনিবার সকালে ঘূর্ণিঝড় ‘মোখা’ নিয়ে ১৪ নম্বর বিশেষ বিজ্ঞপ্তি দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। এতে বলা হয়, আজ রাত থেকে চট্টগ্রাম ও বরিশাল বিভাগের উপকূলীয় এলাকায় অতিপ্রবল ঘূর্ণিঝড়ের প্রভাব শুরু হতে পারে।

এ অবস্থায় পায়রা ও মোংলা সমুদ্রবন্দরসমূহকে ৪ নম্বর স্থানীয় হুঁশিয়ারি সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। উপকূলীয় জেলা কক্সবাজার, চট্টগ্রাম, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর, ভোলা এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহ ৮ নম্বর মহাবিপদ সংকেতের আওতায় থাকবে।

এদিকে, ঘূর্ণিঝড়টির প্রভাবে কক্সবাজার, চট্টগ্রাম এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ৮-১২ ফুট অধিক উচ্চতার জলোচ্ছ্বাসে প্লাবিত হতে পারে। এছাড়া ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর, ভোলা এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল প্লাবিত হতে পারে স্বাভাবিক জোয়ারের চেয়ে ৫-৭ ফুট অধিক উচ্চতার জলোচ্ছ্বাসে।

অপরদিকে, অতিপ্রবল ঘূর্ণিঝড়টির প্রভাবে চট্টগ্রাম, সিলেট ও বরিশাল বিভাগে ভারী থেকে অতিভারী বর্ষণ হতে পারে। অতিভারী বর্ষণের প্রভাবে কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও

চট্টগ্রামের পাহাড়ি অঞ্চলের কোথাও কোথাও ভূমিধস হতে পারে।

এমন পরিস্থিতিতে উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে।

ঘূর্ণিঝড় ‘মোখা’ নিয়ে ১৪ নম্বর বিশেষ বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, পূর্ব-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত অতিপ্রবল ঘূর্ণিঝড় ‘মোখা’ উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে একই এলাকায় অবস্থান করছে। ঘূর্ণিঝড়টি আজ শনিবার সকাল ৬টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৮১৫ কি.মি. দক্ষিণ-দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৭৪৫ কি.মি. দক্ষিণ-দক্ষিণপশ্চিমে, মোংলা সমুদ্রবন্দর থেকে ৭৮৫ কি.মি. দক্ষিণে এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ৭৪৫ কি.মি. দক্ষিণে অবস্থান করছিলো।

এটি আরও উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর ও ঘণীভূত হয়ে আগামীকাল রোববার (১৪ মে) সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টার মধ্যে কক্সবাজার-উত্তর মায়ানমার উপকূল অতিক্রম করতে পারে।

সূত্র: ইত্তেফাক

গাংনীতে এসএসসি উপকেন্দ্রের সহকারী সচিবের অব্যহতি চেয়ে ৯ শিক্ষকের আবেদন

মেহেরপুরের গাংনী উপজেলার সাহেবনগর কেএনএসএইচ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে পরীক্ষা উপকেন্দ্রের সহকারী সচিব আব্দুল হালিমের বিরুদ্ধে বিভিন্ন ধরনের মানসিক নির্যাতনের অভিযোগ তুলে কক্ষ পরিদর্শকের দায়িত্ব থেকে অব্যহতি চেয়ে ৯জন শিক্ষক আবেদন করেছে।

অব্যহতির আবেদন গত বৃহস্পতিবার (১১ই মে) পরীক্ষার মূলকেন্দ্রে সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয়ে কেন্দ্র সচিবের কাছে জমা দেন ওই ৯জন শিক্ষক। কেএনএসএইচ মাধ্যমিক বালিকা বিদ্যালয় উপকেন্দ্রের সহকারী

সচিব আব্দুল হালিমের বিরুদ্ধে অভিযোগ তুলে কক্ষ পরিদর্শকের দায়িত্ব থেকে অব্যহতি চাওয়া শিক্ষকেরা হলেন- কাজিপুর মাথাভাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের (৩জন শিক্ষক) সহকারী শিক্ষক তাহাজ উদ্দিন, সহকারী শিক্ষক ইয়াসমিন আক্তার, সহকারী শিক্ষক হাফিজুর রহমান। কাজিপুর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক শাহানাজ পারভীন, হাড়াভাঙ্গা আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের (৫জন শিক্ষক) সহকারী শিক্ষক তানভীর আক্তার, সহকারী শিক্ষক ইলিয়াস হোসেন, সহকারী শিক্ষক লাভলী খাতুন, সহকারী শিক্ষক মশিউর রহমান, সহকারী শিক্ষক বেলাল হোসেন।

বিষয়টি নিয়ে কথা হয় স্বেচ্ছায় অব্যহতি চাওয়া শিক্ষকদের সঙ্গে। তারা ওই উপকেন্দ্রের সহকারী সচিব আব্দুল হালিমের বিরুদ্ধে নানান ধরনের অভিযোগ তুলেন।

অব্যহতি চাওয়া কাজিপুর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পারভীন বলেন, ‘পরিক্ষার ডিউটিতে থাকা সব শিক্ষকই উপকেন্দ্র সচিবের খারাপ আচরণে অতিষ্ঠ হয়ে মূলকেন্দ্রর সচিবের নিকট লিখিত অভিযোগ দিয়েছি।

তবে কেএনএসএইচ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের অভিযুক্ত সহকারী কেন্দ্র সচিব আব্দুল হালিম বলেন,’আমি নকলমুক্ত পরীক্ষা কেন্দ্র ও সুষ্ঠু পরিবেশ ঠিক রাখতে কাজ করেছি; যারা অভিযোগ করছেন তারা আমার কেন্দ্রে পরীক্ষায় অংশ নেওয়া তাদের আত্নীয়দের ও লোকজনদের সহোযোগিতা কিংবা নকল করতে পারছেনা তাই তারা আমার বিরুদ্ধে এসব ভিত্তিহীন মিথ্যা অভিযোগ তুলছে।’

এবিষয়ে এসএসসি পরীক্ষার মূলকেন্দ্র সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয়ের সচিব আব্দুর রশীদ বলেন, ‘একটি লিখিত অভিযোগ জমা হয়েছে উপকেন্দ্রের সহকারী সচিবের বিরুদ্ধে। বিষয়টি আমি ইউএনও’কে (উপজেলা নির্বাহী অফিসার) অবগত করেছি।’

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু বলেন,’বিষয়টি আমি অবগত হয়েছি সহকারী কেন্দ্র সচিবের সাথে সমস্যার বিষয়ে আজ শনিবার মূলকেন্দ্রের সচিব বসবেন এবং কি-হয় সেটা আমাকে জানাবে।’

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ১১

মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ১১ আসামি গ্রেফতার হয়েছেন।

গ্রেফতারকৃত আসামিদের মধ্যে মেহেরপুর মুজিবনগর থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ৪, নিয়মিত মামলায় ২ আসামি, গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ১ আসামি ও সদর থানা পুলিশ নিয়মিত মামলায় ৪ আসামি গ্রেফতার করেছেন।

শুক্রবার সকাল থেকে আজ শনিবার (১৩ মে) ভোররাত পর্যন্ত তিনটি উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের একাধিক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের একাধিক টিম গ্রেফতার অভিযানে অংশ নেন।

শনিবার (১৩ মে) সকালের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

শশুর বাড়ির অপমান; বিষপানকারি সেই যুবক মারা গেছেন

শশুর বাড়িতে বউ আনতে গিয়ে অপমানিত সেই যুবক রাইহান আলী মারা গেছেন। শুক্রবার দিবাগত রাত তিনটার দিকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজজাক এই তথ্য নিশ্চিত করেছেন। রাইহান আলী গাংনী

উপজেলার তেরাইল গ্রামের বাগানপাড়া এলাকার মহিবুল ইসলামের ছেলে।

গতকাল শুক্রবার (১২ মে) দুপুরের দিকে তেরাইল গ্রামের কোদালকাটি মাঠ নামক স্থান থেকে বিষপান করা মূমূর্ষ অবস্থায় তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্রে নেওয়া হয়। সেখানে তার অবস্থার অবনতি হলে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক। শশুর বাড়ির লোকজনের অপমান সইতে না পেরে আত্মহত্যা করেন রাইহান আলী (১৮)।

নাম প্রকাশ না করার শর্তে প্রতিবেশীরা জানান, তার স্ত্রীর সাথে বেশ কিছুদিন যাবৎ কলহ চলছিল। কয়েকদিন আগে তার স্ত্রী রুমিয়া খাতুন পিতার বাড়িতে চলে যায়। গত বৃহস্পতিবার ব্উ আনতে শশুর বাড়ি বাদিয়াপাড়া গ্রামে যান রাইহান। শশুরবাড়ি গেলে তার বউ ভাত খাবেনা বলে জানিয়ে দেন। এছাড়া শশুর বাড়ির লোকজন অপমান করে তাড়িয়ে দেন। এঘটনায় ক্ষোভে হতাশা আর অভিমানে গতকাল শুক্রবার দুপুরের দিকে ওই মাঠে গিয়ে বিষপান করে। তাকে মূমূর্ষ অবস্থায় মাঠে পড়ে থাকতে দেখে মাঠের লোকজন উদ্ধার করে বাড়িতে নেন। পরে বাড়ির লোকজন তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্রে ভর্তি করে। সেখান থেকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নিলে রাতে তার মৃত্যু হয়।